# প্রশিক্ষণ ক্যাম্প ও প্রশিক্ষণ সংক্রান্ত সাধারণ নির্দেশিকা

১। প্রশিক্ষণ ক্যাম্পের অবস্থান :
ঢাকা জেলার সাভার থানাধীন বিসিএস লাইভস্টক একাডেমীর মসজিদ সংলগ্ন মাঠ ।

২। যোগাযোগ ব্যবস্থা :
ঢাকা থেকে প্রায় ২০ কিলোমিটার দূরে ঢাকা জেলার সাভার থানাধীন বিসিএস লাইভস্টক একাডেমীর মসজিদ সংলগ্ন মাঠে স্থাপিত এ প্রশিক্ষণ ক্যাম্পটি অবস্থিত। দেশের বিভিন্ন এলাকা থেকে আগত অফিসারগণকে বাস যোগে এসে বিপিএটিসি-জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটির মধ্যবর্তী সিএন্ডবি বাস স্ট্যান্ডে নামতে হবে। সেখান থেকে পায়ে হেঁটেই সার্ভে ও সেটেলমেন্ট প্রশিক্ষণ ক্যাম্পে যাওয়া যাবে। মালামাল বহনের ক্ষেত্রে অটো রিকশা পাওয়া যাবে।

৩। থাকার ব্যবস্থা :
প্রশিক্ষণার্থীগণের থাকার জন্য তাবুর ব্যবস্থা করা হয়েছে। তাবুতে তোষকসহ খাটের ব্যবস্থা থাকবে। বিছানা/বেডিং সরবরাহ করা হবে না এবং কোনো প্রশিক্ষণার্থীর পরিবারের সদস্য বা অতিথিদের জন্য কোনো বাসস্থানের ব্যবস্থা এখানে থাকবেনা।

৪। খাওয়ার ব্যবস্থা :
রান্নার জন্য রান্নাঘরের ব্যবস্থা থাকবে। সম্মিলিত মেসের হাঁড়ি-পাতিল ও চুলা সরবরাহ করা হবে।

৫। বাজার :
সার্ভে ও সেটেলমেন্ট প্রশিক্ষণ ক্যাম্প থেকে মাত্র অর্ধ কিলোমিটার পূর্বে কলমা বাজার এবং এক কিলোমিটার দূরে সাভার বাজার রয়েছে। প্রশিক্ষণার্থীগণ এ দু'টি বাজার থেকে তাদের প্রয়োজনীয় পণ্য সামগ্রী ও দৈনন্দিন কেনাকাটা করতে পারবেন।

৬। বইপত্র :
লিখিত পরীক্ষা এবং প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণ সম্পর্কে স্পষ্ট ধারণা লাভের জন্য এবং কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত পরীক্ষায় অংশগ্রহণের সুবিধার্থে প্রশিক্ষণার্থীগণ নিম্নবর্ণিত আইন, বিধি ও ম্যানুয়াল সংগ্রহ করতে পারেন : (১) এস.এ এন্ড টি এ্যাক্ট, ১৯৫০, (২) প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫, (৩) দি টেকনিক্যাল রুলস অব ইনস্ট্রাকসন্স অব সেটেলমেন্ট ডিপার্টমেন্ট, ১৯৫৭, (৪) এস,এস ম্যানুয়াল, ১৯৩৫, (৫) সার্ভে এ্যাক্ট, ১৮৭৫, (৬) উত্তরাধিকার আইন (হিন্দু, মুসলিম, বৌদ্ধ ও খ্রীস্টিয়)।

৭। পোষাক ও আনুষঙ্গিক দ্রব্যাদি:
মাঠে কাজ করার উপযোগী কাপড় শার্ট, প্যান্ট (মহিলাদের ক্ষেত্রে সালোয়ার কামিজ), জুতা, মজবুত কেডস, হ্যাট/ক্যাপ, টর্চলাইট, মশারী, বিছানা-পত্র, গ্লাভস ইত্যাদি সংগে আনতে হবে।

৮। স্বাস্থ্য :
প্রশিক্ষণার্থীগণকে প্রাথমিক চিকিৎসা দেওয়ার জন্য প্রশিক্ষণ ক্যাম্পে একজন খন্ডকালীন চিকিৎসক নিয়োজিত থাকবেন।

৯। ছুটি :
যৌথ ক্যাম্পে সাপ্তাহিক ছুটি এবং অন্যান্য সরকারি ছুটি ভোগ করা যাবে। তবে সেক্ষেত্রে ক্যাম্প অফিসারের অনুমতি গ্রহণপূর্বক ক্যাম্পে রক্ষিত রেজিস্টারে নাম লিপিবদ্ধ করে ক্যাম্প ত্যাগ করতে হবে। উল্লেখ্য যে, এটি একটি সম্পূর্ণ আবাসিক ও সার্বক্ষণিক প্রশিক্ষণ। কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কোন অবস্থাতেই ক্যাম্পের বাহিরে অবস্থান করা যাবে না।

১০। বিনোদন :
ক্যাম্পে ভলিবল, ক্যারাম, দাবা ও ব্যাডমিন্টন খেলার ব্যবস্থা থাকবে। ব্যাডমিন্টন খেলার র‍্যাকেট ও কর্ক প্রশিক্ষণার্থীগণকে নিজ উদ্যোগে সংগ্রহ করতে হবে। তারা ইচ্ছা করলে কর্তৃপক্ষের অনুমতি নিয়ে বিনোদনমূলক অনুষ্ঠানের আয়োজন করতে পারবেন।

------